

ইসলামী জীবন পদ্ধতি

খুনা ধ

আল্লামা শায়ৰ মুহামদ বিন জামীল যাইনু

ভালুৰানে ঃ

মতীউর রহমান আপুল হাকীম সালাফী

Sectional S

মুহাম্মদ নুকল ইসলাম মৌঃ হ্যরত জালী

Kingdom of Saudi Arabia
The Cooperative Office For Call And Guidance
To Communities at Um Ai-Hammam
Under the Supervision of the ministry of Islamic Affaira
Endowment Guidance & Propagation



Tel. 4826486 / 4884496 Fax 4827489 - P.O. Sux 31021 Riyadh 11497

ইসলামী জীবন পদ্ধতি

প্রান্থ 8 আল্লামা শায়খ মুহাম্মদ বিন জামীল যাইন

শিক্ষক, দারুল হাদীস, মঞ্চা আল-মুকার্রমা

धनवाम ४ মতীউর রহমান আব্দুল হাকীম সালাফী

আ-পিমিয়াত (বেনারস) পেসাপ, আল-মদীনা

সম্পাদিনার প্র

মুহাশ্বদ নুরুল ইসলাম মৌঃ হযরত আলী

এম.এম. (ক্যাল), এম.এ ফোষ্ট ক্লাস ফাষ্ট, ক্যাল), বি.এড।

بسم الله الرحمن الرحيم করুণাময় অতি দয়া**লু আপ্লাহ**র নামে **তরু** করছি।

সূচীপত্র			
ক্রমিক	বিষয়	gė	
নং			
১ অনুবাদকে	র আর্য	李	
২. ভূমিকা		খ	
	মৌলিক বৈশিষ্ঠ সমূহ	2	
	ল একটি পূৰ্ণাঙ্গ জীবন ব্যবস্থা	9	
৫. ইসলামের	ভিত্তি সমূহ	¢	
৬. ঈমানের বি	ভণ্ডি সমূহ	6	
৭. দু'আই হন	r এবাদ ত	9	
৮. মহান আল্ল	াহ কোপায় আছেন ?	50	
৯. আল্লাহ আ	রশের উপর সমাসীন	36	
১০. ইসলাম বি	বৈনষ্টকারী বিষয় সমূহ	22	
১১.দাজ্জাগদে	র বিশ্বাস করো না	05	
১২.আল্লাহ ব্যা	তীত অন্যের শপথ করো না	00	
	নয়ে হচ্ছত করবেন না	· •	
১৪.নামাযের ফ	ফ্যীলত ও উহা পরিত্যাপ থেকে ভয় প্রদর্শন	Ob	
১৫. ওযু ও না	মায শিক্ষা	80	
১৬. প্রথম রাক		83	
১৭. দ্বিতীয় রা	কা' ত	80	
১৮. নামাযের	রাকা' ত সমূহের তালিকা	80	
১৯. নামাযের		80	
২০. নামায সং	জ্ঞোন্ত কভিপয় হাদীস	80	
২১. জুমআর ন	নামায ও জামা' তে নামায পড়ার অপরিহার্যতা	02	
	ও জামা' তে নামাযের মাহাত্ম	48	
২৩. আমি পূর্ণ	নিয়মানুসারে কিভাবে জুম' আ পড়ব	00	
২৪. চীদ ও সূ	র্য গ্রহণের নামায	24	
২৫. মৃত ব্যক্তি	র জানাযার নামায	09	
२७. मंत्रन इटल	চ নসীহত হাসিল করা	ar.	
	गिरंस मू रे ने रमत नामाय जामास	27	
২৮. ঈদুল আব	হোর দিনে কুরবাণীর বিধান	60	
	গর (বৃষ্টি চাওয়ার) নামায	40	

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
নং		2
৩০. মুসল্লির সম্মুখ	দিয়ে অতিক্রম করা থেকে বিরত থাকুন	65
৩১. রোযা ও তার	উপকারিতা	48
৩২. সাওম সংক্রান্ত	কতিপয় হাদীস	40
৩৩. রমযানে আপন	ার উপর অপরিহার্য কার্য সমূহ	46
৩৪. হত্ব ও উমরাহ	সম্বন্ধে জ্ঞান সমূহ	w
৩৫. উমরাহর কার্যা		95
৩৬. হজ্বের কার্যাক	नी .	90
৩৭. হত্ত্ব ও উমরাহ	র আদাব সমূহ	90
৩৮. মসজিদে নববী	ার কতিপয় আদব কায়দা	99
৩৯. রাসূল সাল্লাল্লার	হ আলাইহি ওয়াসাল্লামের চরিত্র	93
৪০. রাসুল সাল্লাল্লা	হ আগাইহি ওয়াসাল্লামের আদব ও নমুতা	6-5
৪১. রাসূল সাল্লাল্লা	হ আলাইহি ওয়াসাল্লামের দ্বীনের দাওয়াত ও জিহাদ	100
৪২. রাসূল সাল্লালা তীর জ	হ আলাইহি ওয়াসাল্লামের প্রতি ভালবাসা ও নুকরণ	ьь
৪৩. রাসূল সাল্লাল্লার কভিপয়	ই আলাইহি ওয়াসাল্লামের আনুগত্যের বিষয়ে হাদীস	bb
৪৪. আমরা আমাদে	র সন্তানদের কিভাবে প্রশিক্ষণ দিব ?	32
৪৫. নামায শিক্ষা ৪	াদান	342
৪৬. পাপ কার্য সমূহ	হ থেকে ভয় প্রদর্শন	26
৪৭. মেয়েদের পদী		bb
৪৮. চরিত্র গঠন ও	আদব সমূহ	300
৪৯. জিহাদ ও বীর	পুরুষতা	300
৫০. মাতা-পিতার :	প্রতি সৎ ব্যবহার	500
৫১. কবীরা গুলাহ স	নমূহ থেকে বীচুন	200
৫২. কবীরা গুলাহ স	দমূ <i>হৈ</i> র পরিসংখ্যান	309
৫৩. কবীরা গুনাহ ^হ		204
	থেকৈ ভাওবা করা আবশ্যক	330
৫৫. তাওবা কবুল ব	হওয়ার শর্তাবলী কি কি ?	222
	ীসের জনসরণ করুন আর বিদ' আত হতে	225
ভৌচে থাক-		

ক্রমিক	বিষয়	બૃષ્ટ
নং		
	হল আযীম বলা বিদ' আত	22
৫৮, সং কাজের আদেশ দেয়া ও অসং কান্ধ হতে বিরত রাখা		22
উপক		23
৬০. মুবাঞ্চেগে	র মৌলিক গুণাবলী	23
৬১. অন্যায় কাঞ্চের প্রকারভেদ		54
৬২. বাজারে ৪	বেশের দু' আ	23
৬৩. আল্লাহর পথে জিহাদ করা		54
	দাহায্য ও বিজ্ <i>য়ের ক</i> তিপয় কারণ	20
৬৫. প্রত্যেক ম	সেপিমের জন্য ধর্মীয় অসীয়ত	20
৬৬. ইসলামী	শরীয়ত বিরোধী কতিপয় কাজ	20
৬৭. দাড়ি বাড়	ানো ওয়াজেব	20
৬৮. গান বাজ	না সম্বন্ধে ইসলামী বিধান	58
৬৯. গান বাজ	না ও মিউজিকের অপকারিতা	28
৭০. সিঁক মারা	র মর্মকথা	28
৭১. বর্তমান যু	গের গান–বাজনা	28
৭২. মধুর সূর	নারী জাতীর জন্য ফিত্না	30
৭৩. বাঁশী ও ড	গদী বাজ্ঞানো থেকে বাঁচুন	30
৭৪. গান-বাজ	লা কপঠতার উৎস	30
৭৫. গান-বাজ	না ও মিউজ্বিক হতে বাঁচার উপায়	30
৭৬. বৈধ গান-	-বাজনা	30
৭৭. ছবি ও মূৰ্	র্ত্ত সম্পর্কে ইসলামের বিধান	30
	তমূর্তির অপকারিতা	20
৭৯. ছবি কি ম	র্তির মতই হারাম ?	29
৮০. বৈধ ছবি	ও প্রতিমূর্তি	26
৮১. ধুমপান ক	রা কি হারাম ?	20
	র হাদীসকে আঁকডে ধরা	29
৮৩. হাদীস সং	পর্কে ইমামগণের অভিমত	20
	এর নিম্নলিখিত হাদীস সমৃহের প্রতি আমল করুল	20
	 যা দেন তা তোমরা গ্রহণ কর 	39

বিষয়	পৃষ্ঠা	
৮৬. হে আল্লাহর বান্দারা তোমরা ভাই ভাই হয়ে যাও		
৮৭. মুসলিমদের সম্পর্কে কতিপয় হাদীস		
নারীর মর্যাদা	398	
	200	
মার্কিন নাগরিক তাঁর ইসলাম গ্রহণের বিবৃতি দেন	28-2	
মার্কিন যুবতীর ইসলাম গ্রহণ	200	
৯২. হাজেরার ইসলামী দাওয়াত কার্যের সূচনা		
মান্তর্জাতিক ধসিদ্ধ কলাবিদের ইসলাম গ্রহণের পয় বিবৃতি	১৮৬	
	34%	
লাভের দু' আ সমূহ	290	
দু'আ সমূহ	380	
(গৃহীত) দু' আ সমূহ	286	
বস্তুর জন্য দু' আ	286	
কুরআনী দু'আ	229	
	হের বান্দারা তোষরা তাই হয়ে যাও সর সম্পর্কে কতিশা হাদীস ন নারীর মর্থাদা শারীর মর্থাদা শারীক বাদারিক তার ইন্দায় ঘহনের বিবৃতি দেন মার্কিন মুনারিক হাদায় ঘহনের বিবৃতি দেন মার্কিন কুবারী ইন্দায়া ঘহন ইন্দায়া দাওমাত কার্কের সৃদ্দা মার্ক্ডাকিত দাসিভ ক্যাবিক সৃদ্দা মার্ক্ডাকিত দাসিভ ক্যাবিকার ইন্দায় ঘহশের পার বিবৃত্তি রা হেম্মা সম্প্রাক্তির বা স্থিত্ত মুখ্য সমুদ্র মুখ্য সমুদ্র মুখ্য সমুদ্র	

অনুবাদকের আরয

অভান্ত পরিতাপের বিষয় যে, মুগদিন সমাজ আজ ইনগামের বিভিন্ন ক্ষেত্র বিব্রাপ্তিতে পড়ে ঘূরণাক খাচ্ছে এবং কুরাঝান ও সহীহ হাদীদের আলোক বর্তিকা থেকে বহুদূরে অবস্থান করছে। একথা তেবে বইটির অনুবাদের কাজে আত্মনিয়োগ করি।

বাবং আদ-মদীনা বিশ্ববিদ্যালয়ে সধ্যাননত অবস্থায় 'ভাজীই-ত ইম্পানিয়া বাইটি আনা বাতে পার কে বিষয়েন্ত্র ভাজিকা সন্থা পরিভাগে ইম্পানিয়া বাইটি পার কে বিষয়ান্ত্র ভাজিকা সন্থা পরিভাগে উপানি করি। তথন থেকেই বা ধন্দালয়েন বীত্র আলাবা করে। কারেক ইম্পানিয়ার বিশ্ববিদ্যালয় বাইটি বিশ্ববিদ্যালয় বাইটি বিশ্ববিদ্যালয় বাইটি বিশ্ববিদ্যালয় বাইটি বিশ্ববিদ্যালয় বাইটি বিশ্ববিদ্যালয় বাইটি বাইটি

মূল আমনী হতে বাহী অনুনাদ কনা হল। কাঞ্চেই এতে কিছু কটি পরিপঞ্চিত হতে লাগে তাই বিশ্বৰ পুৰী পাঠনের পরামণি ও সুচিন্তিত অভিচাত ইনশাজ্যাহে সাদারে পৃথীত হতে এবং পুনামুম্যকালা বিবেটিত হবে ইনশাজ্যাহ। জায়াহ গো। ভূমি আমার এই নগন বিদ্যাতন্ত্রি কলুল কর এবং তোমার গছনদাীয় বীদের বিদ্যাত কর্মার আমার গালা কাল করিও।

ৱার আরো সুযোগ প্রদান কার

আমীন ।।

ইতি

কুরঝান ও সুন্নাহ্র খাদেম মতীউর রহমান আব্দুল হাকীম সালাফী

ভূমিকা

সমস্ত প্রশংসা এক অদ্বিতীয় আপ্রাহর জন্য খাঁর কোন অংশীদার নেই। আমরা তাঁর একত্বাদে গভীরভাবে আস্থাশীল, তিনি ব্যতীত কোন ইলাহ বা উপাস্য নেই, সব রকম স্তুতি একমাত্র তারই জন্য ,তিনি সম্পূর্ণ স্বাধীন এবং আমরা তথা সকলেই তাঁর অধীন, পরাধীন ও তাঁর দাস। তাঁর বিশেষ বালা ও রাসল আমাদের নবী মহামদের রাসললাহ সালালাল আলাইছি ওয়াসালাম-এর উপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। যিনি হিদায়াত ও সতাধর্ম সহকারে বিশ্বজগতের করুলা ও নিখিল বিশ্বের আদর্শ নমনা এবং আল্লাহর সকল বান্দার উপর দলীল হিসেবে তার সম্ভার আনগত্য করার প্রতি আহবান করেছেন। হে আল্লাহ ! আপনি তার বংশধর সহচরবন্দ ও আমানের উপর এবং আপনার নেক বান্দাদের উপরও আপনার করুণা বর্ষন করুন। আখীন ৷৷

" ভাগুঞ্জীহাত ইসলাম্য্যি " বইটির গুরুত্ব অপরিসীম। বইটি এত গুরুত্বপূর্ণ ও সমাদত যে, আরবী ভষায় এটা প্রকাশিত হওয়ার কিছু দিনের মধ্যেই মকা, জিন্দা, আল জারিয়া, কয়েত, জর্দান এবং মিশর প্রভৃতি দেশে দ্রুত গতিতে প্রকাশিত হতে গাকে। এর বিশেষত্বঃ হল যে, দলীল-প্রমাণাদি কুরআন ও হাদীদের ভিত্তিতে বিশুদ্ধ হানীদের নিজিতে: ভাব গাঞ্জীর্য সংক্ষিপ্ত, কিন্তু ব্যাপকতা অতি সুদুর পরাহত। সূতরাং বিশুদ্ধ ও নির্ভেজাল ইসলামী জীবন যাপনের জন্য অসংখ্য পুস্তক পুস্তিকাদির মধ্যে এটি বিরল, – এ দাবী ইনশাআল্লাহ বাস্তব সত্য বলে বিবেচিত ও প্রমাণিত হবে। আল্লাহ গো ! তুমি এই বইয়ের মূল লেখককে তোমার অনগ্রহের অন্তর্গত করো। আমীন।।

বহল প্রচলিত আরবী বইটির গুরুত মাহাত ও প্রয়োজনীয়ভার কথা বিবেচনা করে এর প্রচার, প্রসার ও উপকারিতাকে বিশেষ করে বাঙালী হিসেবে বাঙালী ভাই-বোন স্থী পাঠক সমাজকে 'উপহার' দেয়ার মানসে আমার মেহাম্পদ ভাই মতীউর রহমান সালাফী সাহেব উক্ত বইটির আরবী হতে বাংলায় অনুবাদের উদ্যোগ গ্রহণ করায় আমি অতান্ত গর্বিত ও আনন্দিত। এ জন্য আমি তাঁকে জানাই আন্তরিক অভিনন্দন।

ইসলামী জীবন পদ্ধতি

মুহাম্মদ নুব্ৰুল ইসলাম

অনুদিত বইয়ের একান্তই অভাব ছিল, তাই নিছক অলীক ও দ্রান্ত ধারণার অপপ্রভাবে দুই বাংলার শিক্ষিত ও অশিক্ষিত নির্বিশেষে বহন্তর মুসলিম সমাজ আজ বিজান্তির শিকারে পর্যবসিত। এই বইটি আদ্যপান্ত পাঠ করলে মুসলিম

সমাজ ভ্রান্তির বেড়াজাল থেকে ও অমুসলিমদের অনুকরণীয় ও প্রচলিত রীতিনীতি থেকে বিশেষ করে পাশ্চাত্য গোলক ধীধার কুসংকার ও অন্ধমোহে গভীর পক্ষের দিকে ধাবমান হতে এবং ধ্বংসের গহবর হতে রক্ষা করতে এই

বইটি খবই সহায়ক হবে বলে আশা করছি। বইটি আমি আদ্যপান্ত গভীর মনোনিবেশ সহকারে পাঠ করে বন্ধানুবাদের কান্ধে আমার নবীন অনুবাদক ভাইকে সহযোগিতা করতে পেরে আমি ধন্য হলাম। (ইনশা আল্লাহ) এই বইটির ঘারা সুধী পাঠকবৃন্দ উপকৃত হলে আমাদের পরিশ্রম সার্ধক হবে বলে মনে করছি। আল্লাহ গো, তুমি আমাদেরকে তোমার হেদায়াতের পথে কায়েম রাখ এবং ইহাকাল ও পরকাল সুখময় কর। আমীন। সুন্মা আমীন।।

এর পূর্বে বাংলা ভাষায় ব্যাপকতার দিক দিয়ে এ ধরণের দিখিত বা

ইসলামের মৌলিক বৈশিষ্ট সমহ

 ইসলাম তাওহীদের (একওবাদ) ধর্ম। তাই, সমস্ত সৃষ্টির চিতাশীল জ্ঞানসমূহ স্বতঃস্কুর্তভাবে পৃথিবীর এক স্তষ্টার প্রতি ঈমান আনতে প্রস্তুত আরা সেই স্ত্রীই হলেন ইলাহ বা মা'বুদ, যিনি সমন্ত এবাদতের যোগ্য, যেমন যবেহ, নযর এবং বিশেষ করে দু'আ।

কারণ মহানবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ

الدعاء هو العبادة

" দ'আই হল এবাদত " (ভিরমিয়ি, সহীহ হাদীস)।

অভঃপর কোন ধরনের এবাদত আল্লাহ ব্যতীত অন্যের জন্য বৈধ নয়। ২. ইসলাম একতা চায়, বিভেদ চায়না, তাই ইসলাম সমস্ত নবী ও

রাসলের প্রতি (ইমান-বিশ্বাস) স্থাপন করতে বলে যাদেরকে আল্লাহ তা'আলা মানবজাতির হিদায়াতের জন্য। তাদের জীবন-ব্যবস্থা পরিচালনার জন্য প্রেরণ করেছেন। নবী মহামদ সাল্লাল্লাল আলাইহি ওয়াসাল্লাম হলেন তাঁদের শেষ নবী এবং তার বিধান অতীতের শরীয়ত সমহকে আল্লাহর নির্দেশে রহিত করে। আপ্লাই তা'আলা তাঁকে সমস্ত মানষের জন্য থেরণ করেছেন, যেন তাদেরকে

বিকত জীবন-ব্যবস্থা ও নির্যাতন থেকে অব্যাহতি দিয়ে ইসলামের সরক্ষিত ন্যায় বিচার ও নৈতিকভার দিকে নিয়ে আসেন।

 ইসলামী আন সহজ্ঞ সরল ও পরিস্থার (বোধগম্য)। তাই সে বিদ্রান্তিকর বস্তু, বাতিল আফিদা এবং দর্শন (Philosophy) শাস্ত্র (ভাতীয়) বিশ্বাসকে সাবাস্ত করে না। আর তা যে কোন স্থান-কাল-পাত্র ভেদে

বাস্তবায়ন উপযোগী।

 ইসলাম বস্তু ও আধ্যাত্মিকভাকে মোটেই পৃথক মনে করে না। বরং মনে করে যে জীবন এমন এক বস্তু যা দুটোকেই শামিল করে তাই একটি গ্রহণীয় এবং অপবটি বর্জনীয় তা নয়।

 ইসলাম মুসলমানদেরকে সমভাবে ভাই ভাই হিসেবে বিবেচনা করে। আর, বংশগত ও দেশগত ভিন্নভাকে অশ্বীকার করে।

তাই ইবশাদ হলেচ ং

إن أكرمكم عند الله أتقاكم

অর্থাৎ ' নিশ্চয় ভোমাদের মধ্যে আল্লাহর নিকট সম্মানীয় সেই ব্যক্তি যে

সব চাইতে অধিক খোদাভীক।' (সরা হজরাত-১৩) ৬. ইসলামে কোন রকম বাধ্যতামূলক প্রশাসন নেই, যা ধর্মের সুযোগ

গ্রহণ করে, আর না তাতে এমন কোন অবাস্তব মতবাদ আছে যা বিশ্বাস করা কঠিনতর হতে পারে।বরং প্রতিটি মানুষের জন্য সম্ভব যে আল্লাহর কিতার কুরআন ও তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস সেইব্রুপ উপলব্ধি করবে যেরপ সালফে সালেহীনগণ (সাহাবা, তাবেয়ীন) উপলব্ধি করে ছিলেন, তদনুরপ সেই অন্যায়ী স্বীয় জীবনকে গড়ে তলবে।



ইসলাম হল একটি পূর্ণান্ত জীবন বাবস্থা

- ইসলাম মানব জীবনের প্রতিটি ক্ষেত্রকে নিয়্লেন করে, ৩। অর্ধনীতিই হোক, রাজনীতিই হোক, সভাতা সংস্কৃতিই হোক কিবো সামাজিক ক্ষেত্রেই হোক; ঠিক ভেমনিভাবে এই সব ক্ষেত্রে সমস্যার সমাধানের সঠিক পর্বও প্রদর্শন করে।
 - ইসলাম মানব জীবনকে সুষ্ঠুভাবে পরিচাগনা করে। তার মূল বস্তু হল সমমকে সুষ্ঠভাবে কাল্পে লাগানো এবং একমাত্র ইসলামই হচ্ছে মুসলমানদের ইত্তলাতের ও পরজগতের সাফলোর মাণকাঠি।
- ৩. ইসলাম তার বিধানের পূর্বে (আজিনার। মৌলক বিধানের নাম। তাই দবী সাল্লাল্লাছ আলাইহি গ্যাসাল্লাম মন্ত্রী জীবনে তাওহীলের উপর অত্যন্ত ওফতু দেন। অত্যপর যথদ মদীনার গ্রন্থাল করেন তথদ সোধানে ইসলামী রাই রাইতিঠার জনা দ্বিমাত। ইসলামী বিধানকে বান্তবাধিত করেন।
- ৪,ইসলাম শিক্ষার প্রতি আহবান জানাম এবং লাভনামক উন্নতমানের বিদ্যার জন্য অনুপ্রেরণা যোগাম। তাই মুসলমানেরা মধ্যযুগে বিজ্ঞানের ক্ষেত্রে দেতত দিয়েছে- যোমন ইবনল হয়সম ও আল-বিকুদ্যী হয়খ।
- ৫. ইশলাম হালাল পছাতিকে উপার্কিত শাপনকে বৈধ মনে করে, যাতে কেন রকম ভেলাল বা হাতারগা না থাকে। এবং সং বাজিনের উৎসাহ সেম কেন জানা হলাল মাল হতে পরীর-মুক্তীদের লান করে ও জিহালের পথে বাম করে অহত এইভাবে মূর্লাইট উলাহর মাথে সামাজিক সুবিচার হাতিইটা হবে, যে ভীমার বিশ্ব প্রতীক্ষাত্র বিশাল- ব্যক্তির নিয়ে প্রতীক্ষা বিশাল বিশাল- বাছাল সিয়ে থাকি।
 - হালিসে আছে ঃ উত্তম সম্পদ সেটা যা নেক ও সং ব্যক্তির জন্য ব্যয় করা
- হয়। -- সেহীহ মুসনাদ আহমদ। এবং লোকেরা বলে থাকে বৈধভাবে ধন- মাল সঞ্চয় হয় না. এটা মিপ্যা
- কথা যার কোন ভিত্তি নেই।
 ১. ইসলাম একটি জিহাদী জীবনের শ্বীন, তাই উহা ইসলামের সহযোগির
- ৬. ২পলাম একাচ জহাদা ভাবনের দ্বান, তাহ ভহা ইপলামের সহযোগর জনা নিজ সম্পদ ও জীবনকে বিগীন করে দেয়া প্রত্যেক মুসলমানের জন্য আবশ্যক মনে করে।

ইসলাম চায় যে মুসলমানের। যেন তার ছত্রছায়ায় সৃখময় জীবন অতিবাহিত করে এবং পরকালকে ইহকালের উপর প্রাধান্য দেয়।

৭. ইফালমী বিধানাৰকীয় সীমারেলায় থেকে বাহীন চিন্তা ও গবেকগাকে ইফালম জীবিত করে এবং নিছিয় চিন্তা ও গবেকগা এবং বহিরাগত মতবাদকে দুর্নীছত করে হা উলামের "পছ চিন্তার নৌনর্যকে বিকৃত করে ফেলে এবং মুগলমানেদের উন্নতিকে বাহিত করে। যেমন- বিদল্পাত, অবান্তব বন্ধু

(খোরাফাত) জাল হাদীস প্রভৃতি। (ডক্টর ইউসুফ কারবাড়ী প্রণীত, ইসলামের মৌলিক বৈশিষ্ঠাবলী দেখুন)



ইসলামের ভিত্তি সমূহ

রাস্বুল্লাহ সাল্পপ্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ

ইসগামের ভিঙ্তি গাঁচটি বস্তুর উপর ১. একার সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ব্যতীত কোন মা'বুদ নেই এবং

- মুহান্দন সাপ্তাপ্তাক্ আলাইহি ওয়াসাপ্তাম আগ্রাহর ধেরিত রাসূল (অর্থাৎ আগ্রাহ বাতীত সত্যিকারের কোন মা'বুদ নেই এবং মুহান্দন সাপ্তাপ্তাক আলাইহি ওয়াসাপ্তাম আপ্তাহর বীনের প্রচারক ।।
- নামায কায়েম করা (অর্থাৎ বিনয়ী, নমতা ও প্রশান্তির সাবে আরকান
 শর্তাবলী সহ আদায় করা)।
- ৩. যাকাত প্রদান করা (যখন কোন মুসদিম ৮৫ গ্রাম সোনা অথবা তার সমপরিমাণ মুদ্রার মালিক হবে তথন পূর্ণ এক বংসর অতিক্রান্ত হওমার পর আভাই শতাংশ বাকাত দিবে, আর মুদ্রা বাকীত অন্যান্য বস্তুর বাকাতের দ্বিধীতিক পরিমাণ রয়েছে।
 - কারায়রের হচ্ছরত পালন করা যার সামর্থ রয়েছে সেখানে পৌঁছার, অর্থাৎ আর্থিক সম্বচ্চাতা, সৃত্বতা ও নিরাপতার সাথে)।
 - রম্যানের রোযা রাখা (অর্থাৎ কলর থেকে সূর্যান্ত পর্যন্ত পানাহার, বৌনাচরণ ও অন্যান্য নিষিদ্ধ কাল থেকে নিয়াত সহ বিরত থাকা ।
 - --- (বুখারী ও মুসলিম)



ঈমানের ভিত্তি সমহ

- থুমি আল্লাহর উপর ঈমান আনবে
 র অর্থাৎ তাঁকে তাঁর এবাদত,
 গুণাবলী ও বিধান রচনায় এক ও একক জানবে।
- ২. তাঁর ফেরেশতাগণের উপর ঈমান আনবে ঃ (তাঁরা নূরের সৃষ্টি, আল্লাহর আদেশ পাদনের জন্য তারা সঙ্টি)।
- তাঁর কিতাব সমূহের উপর ঈমান আনবে ঃ (তাওরাত, যাবুর; ইঞ্জিল আর করআন হচ্ছে তাদের মধ্যে উলম ।)
- আর পুরআন ২ক্ছে তাদের মধ্যে ডক্তম।)

 ৪. তাঁর রাসূলগণের উপর ঈমান আনবে ঃ প্রথম রাসূল হলেন নুহ আলাইহিস সালাম এবং সর্বশেষ রাস্প হলেন মহামদ সাল্লালাল আলাইহি
 - ওয়াসাল্লাম। ৫. কেয়ামতের দিনের উপর বিশ্বাস রাখবে ঃ (পুনরন্ধান দিবস, যেদিন
- মানুষের হিসাব- নিকাশের জন্য তাদের পুনকল্জীবিত করা হবে।)
 ৬. এবং ভাগ মন্দ সহ তকদীরের উন্সান আনবে ও টোগাম-উপকরদের বাবস্থাপনার মাধ্যমে।। ভাগ-মন্দ যা ভাগ্যে আছে তার প্রতি সন্তুই থাকা,
 করণ এসব আত্তাহের নির্ধায়িত ও তার ফেক্সড মাঞ্চিক।
 - -- (মুসলিম)



দু'আই হল এবাদত

এটা সাহীহ হালীস যা ইমাম ভিনমিনী নিজ কিচাবে ধৰ্বনা করেন। এ থেকে পরিজার বুধা যায় যে যত বকমের ইবাদত রমেহে ভার মধ্যে দু'আ হক গুকুতুপূর্ণ ইবাদত। ভাই নামায় যেমদ কোন রাণ্য ও অধীর উদ্দেশ্যে লামেহ নয় ঠিক তেমনি আল্লাহ ব্যাভীত কোন রাগুল বা অধীর নিকট দু'আ করাও বৈধ না

১. বন্ধুত ৪ যে ফুলমান বলে ৪ ইনা রাস্পাল্লাছ। হে গামেতা অপুণাজ্ঞত মাজিলাগ । ফরিয়াল করি, সাহাযা চাই। একাৰ হল গামেডেল্যাহর ইবালত ও দু'আ, মনিও তার নিয়তে একথা নিহিত থাতে যে আল্লাহ বচনে ফরিয়াল কর্বকর্মী। তার উলাহলা গাই ব্যক্তির মতে যে আল্লাহর লকে নির্কৃত করে ও কলে যে, আমার অথকার একখা নিবিত্ত বাহেছে যে আল্লাহ এক, তার একখা এইলফোণ্য হবে না; কারণ তার কান তার নিয়াহের বিপরীত বুখা। তারণ কথা ও নিয়তে ও এতেখন গণ্ণে প্রভাগ। এক হথ্যা আবশন, অন্থর্মা নিবহ ও কুফর বারে বিরক্তি হবে, যা বিনা তাওবা আল্লাহ কমা করেবে না।

২. যদি এই মূলদমান একথা বলে যে আমার নিমাতে একথা ছিল যে আমি কেবল আন্তাহর কৈটো লাভের জন্য রাস্থাল বা জ্পীকে মামাম বানিয়েছি, তবে এটা শুক্তাকে সৃষ্টির সঙ্গে জুলনা করা হবে, যে সৃষ্টি যাকেম, যার সমীপে মাধ্যম ছাল্লা যাবেলা যায় না. এই সাদদাতা কফরের জ্ঞার্পত।

আল্লাহ তা মালার স্বীয় সত্ত্ব গুণাবলী ও কার্যাবলীর পবিত্রভা বর্ণনা করতে পিয়ে বলেন ঃ

ه ۱۹۶۳ م ليس كمثله شيئ وهو السميم البصير (الشوري – ۱۱)

অর্থ – তার মাত তোন কিছুই দেই, ভিনি হচ্ছেন সর্বস্রোভা সর্বনষ্টা।' (পুনা – ১) তবে যদি আগ্নারর নাথে বেলন নায়দবানার বাতিকে ভুবানা করা কুসন ও দিন্তর বয়, বাহুলে বেলন যাক্ষম (অভাচারী) বাতিক সঙ্গে গুলুলা করা হঙ্গে কি হতে পারে ? যাক্ষমরা যা কিছু বলে গাকে তা বতে আগ্নার ভাষাণা অনেক চিন্তর ঠাউনতান

 রাস্ল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের যুগে মুশরিকরা (বহতবাদীরা) প্রতিমা বানিয়ে মাধ্যম রূপে আগ্রাহর নৈকট্যলাভের জন্য তাদের নিকট দু'আ করতো, আপ্লাই তা'য়ালা তা পছন্দ করেন নি বরং তাদের কাফের রূপে

আখ্যায়িত ক্রবেছেন। আলাহ এবশাদ কবেন ৫

والذين اتخذوا من دونه أولياء ما نعبدهم إلا ليقربونا إلى الله زلفي، إن الله يحكم بينهم فيما هم فيه يختلفون . إن الله لايهدى من هو كاذب كفار

- (14 ax -T)

অর্থ ঃ আর যাহারা ভাঁহাকে বাদ দিয়া অন্যদেরকে পষ্টপোষক বানাইয়া লইয়াছে, (আর নিজেদের এই কাজের ব্যাখ্যা দেয় এই বলিয়া য়ে) আমরাতো উহাদের এবাদত করি কেবল এই জন্য যে, তাহারা আমাদিগকে আল্লাহ পর্যন্ত পৌঁছাইয়া দিবে। আল্লাহ নিশ্চমই তাহাদের মাঝে সেইসব কথারই চডান্ত

ফয়সালা করিয়া দিবেন যে সব বিষয়ে তাহারা মতভেদ করিতেছে। আল্লাহ মিধ্যাবাদী ও সত্য অমান্যকারী ব্যক্তিকে কথানো হেদায়াত দেন না

। (বমার-৩) এবং আল্লাহ তা'য়ালা নিকটবতী ও সর্বশ্রোতা, যার কোন মাধ্যমের দরকার হয় না। এরশাদ হতে -

وإذا سألك عبادي عنى فإنى قريب ،

অর্থ ও ' হে নবী আমার বান্দাহ যদি ভোমার নিকট আমার সম্পর্কে জিজ্ঞাসা করে তবে তাহাদের বলিয়া দাও যে, আমি তাহাদের অতি নিকটে। সেরা বাকারা – ১৮৬)

৪. আর মুশরিকরা বালা মুসিবত, বিপদাপদ ও দুর্গে কঠের সময় তথ্মার

আল্লাহকে ভাকতো। তাই এরশাদ হচ্ছে ঃ

وجاء هم الموج من كل مكان، وظنوا أنهم أحيط بهم،

دعوا الله مخلصين له الدين، لئن أنجيتنا من هذه

لنكونن من الشاكرين – (يونس - ۲۲) এর্ধ ৪' আর চারিদিকে হইঙে তরকের আঘাত আসিয়া ধাঞা দেয়, তাহারা মনে কবিল যে তাহারা তরঙ্কমশায় পরিবেষ্টিত হইয়া পভিয়াছে, তথন তাহারা

মনে করিল যে তাহারা ওরন্ধম'শায় পরিবেটিত হইমা পড়িয়াছে, তথন তাহারা সকলেইনিজেনের দ্বীনতে আছাহরই জনা খালেস করিয়া তাহারই নিকট দু'আ করে যে, তুমি যদি আমানের এই বিপদ হইতে রক্ষা কর, তাহা হইলে আমরা কতন্ত যোলাহ হইয়া থাকিব।' (ইটনস–২২)

কৃত্ততা লালাছে ইয়া থাকিব। (তিউট্যা-২২)
আর সেই মুপরিকরা দিক আওলিয়ালের পুত্ল বানিমে সুথের সমম
ভাবতে, তুবু আল কুরমান ওালেরকে কাম্যের বাল ঘোষণা করল।
তবে বনুদ সেধি যে কভিলাম মুগলিম যারা আহারতে হেতু আগন-বিশ্ল,
দুখ্য-কই ও সুখে সব সমা রাস্থালনে ও সং বাজিদের ভাবত, তালেন নিউট
ক্ষরিয়াল করে এবং ভালেন নিকট সাহাযা চার ওলবকে কি বনা যেতে পারে ?

তারা কি আল্লাহ তা' মালার এরশাদ পড়ে নি গ

ومن أضل ممن يدعون من دون الله من لايستجيب له إلى يوم القيامة وهم عن دعائهم غافلون، وإذا حشر الناس كانوا لهم أعداء، وكانوا بعبادتهم

كافرين، (الأحقاف-٥-٦)

অর্ধার ' সেই লোকের তুলনায় অধিক কিছান্ত আর কে হইবে যে আস্তাহকে বাদ দিয়া এমন সব সন্তাকে ভাকে যাহারা কেয়ামত পর্যন্ত ও ভাহাকে জন্তবাব দিতে পারে না ? ভাহারা বরং এই লোকদের ভাকান্তাকি সম্পর্কে অনবহিত

আনু যখন সমস্ত মানুষকে একজিত করা হইবে তখন তাহারা যাহানিগকে ভাকিয়াছিল তাহাদের শক্ত হইবে এবং ভাহাদের ইবাদতের দায়িত্ব গ্রহণ করিতে ভাহারা অধীকার করিবে। (ইবাদতের অর্থ দু'আ)

–(সূরা আহক্ষফ–৫,৬)

৫. অনেক মানুষের ধারণা যে যেসব মুশরেকদের ব্যাপারে কুরআনে

আলোচনা করা হয়েছে, তারা তো পাথরের নির্মিত পুত্রণের পূজা করত ও তাদের ডাকত, এটা তাদের বিল্লান্তি, কারণ যে মর্তিসমহের আলোচনা ক্রম্মানে হয়েছে তাঁরা নেক ও সং ব্যক্তি ছিলেন।

ইমাম বুখারী (রহঃ) ইবনে আব্বাস হতে সুরা নৃহের এই আয়াতের ডাফ্সীর বর্ণনা ক্রবেন হ

وقالوا لاتذرن ألهتكم، ولا تذرن ودًا والسواعًا، ولايغ ويع وو ونسرًا - (نوح-٢٣)

অর্থ ঃ 'আর ভাহারা বলিল ঃ ভোমরা কিছতেই নিজেদের উপাস্যদের ভ্যাগ করিবে না , ছাড়িবেনা অন্দ এবং সূয়াকে, ইয়াগুস, ইয়াউক ও নসরকে ও

নয়।' -(নহ-১৩)

ইবলৈ আন্দাস রাযিয়াল্লার আনর বলেন ও

এগুলো নহ আলাইহিল সারামের কাওমের সং ব্যক্তিদের নাম ভিল, যথন ভারা মারা গেল, তখন শয়তান তাদের মনে এ কথা ভাগালো যে তাদের মজিপিস ভালোতে তাদের মূর্ত্তি তৈরী করে দাঁড় করে দাও এবং তাদের সেই

নামেই ভাকরে, তারা যখন মারা গেল এবং সেই মর্ত্তিসমূহের আসল তথ্য ভলে যেতে লাগল, তখন পরবর্তী লোকেরা তাদের পূজা-পাঠ আরম্ভ করে দিল।

৬. যারা নবী ও অলীদেরকে ডাকে তালের তীব্র প্রতিবাদ করতে গিয়ে আল্লাহ তা' যালা এরশাদ করেন ও قل ادعوا الذين زعمتم من دونه فلا يملكون كشف الضرر عنكم ولا تحرويلاً - أولئك الذين يدعرون يبتغون إلى ربهم الوسيلة أيهم أقرب ويرجون رحمته ويخافون عذابه، إن عذاب ربك كان محذورا - (الاسبراء - ٥٦-٧٥)

অর্থ ঃ ' তাহাদেরকে বল . সেই মা' বদদেরকে ডাকিয়া দেখ যাহাদেরকে তোমরা আল্লাহ ছাড়া (নিজেদের কর্মকর্তা) মনে কর। উহারা তোমাদের কোন কষ্ট লাঘব করিতে পারে না, পারে না ভাহা বদলাইতে। ইহারা যাহাদেরকে ডাকে, তাহারা নিজেরাই নিজেদের রবের নিকট পৌছিবার অসীলা তালাশ করিতেছে যে, কে তাঁহার অধিক নিকটবর্তী হইয়া যাইবে এবং তাহারা তাহার রহমত পাইবার প্রত্যাশী এবং তাঁহার আযাবকে ভয় করে। আসল কথা এই যে, তোমার প্রভর আয়াব বাস্তবিকই ভয় করার মতো।'

 লুরা বনী ইসরাইল ৫৬.৫৭) ইমাম ইবনে কাসির (রহঃ) এই আয়াতের তাফসীরে যা বলেন তার সার এই যে, এই আয়াত সেই পোকদের সম্বন্ধে অবতীর্ণ হয় যারা জিনের এবাদত করত ও আল্লাহকে ছেড়ে তাদের ডাকত। অতঃপর সেই জিনেরা ইসলাম গ্রহণ করে। আবার কেউ বলে থাকেন যে এই আয়াত একদল লোক সম্বন্ধে অবতীর্ণ হয় যারা 'ইসা মসীহ ও ফেরেশতাদেরকে ভাকত।

এই আয়াত তাদের কথা প্রত্যাখ্যান করে যারা গায়কুল্লাহকে ডাকে। যদিও সে নবী বা অপী হোক না কেন।

৭, কতক লোকের ধারণা যে গায়কবাহর নিকট ফরিয়ান বৈধ এবং ভারা বলে যে বাস্তবে সাহায্যকারী আল্লাহ তা'মালা, আর রাসুল ও আওলিয়াদের নিকট ফরিয়াদ করা যেমন বলে থাকি যে আমাকে এই ডাক্তারে আরোগ্য করল, এটা তাদের অগ্রহণযোগ্য কথা। ইবরাহীম আলাইহিস সালাম বলেনঃ

الذي خلقني فهو يهدين، والذي هو يطعم

ويسقين - (الشعراء - ٧٨-٨)

অর্থ ও 'যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন, তিনিই আমাকে পথ প্রদর্শন করেন, আর যিনি আমাকে খাওয়ান ও পান করান, আর যখন রোগাক্রান্ত হইয়া পড়ি তখন আমাকে আবোগা দান কবেন।

সরা ত' আরা .৭৯.৮০।

চিত্তা করুল যে প্রত্যেকটি আয়াতে 📤 যমীর (সর্বনাম) দিয়ে তাগীদ করা হয়েছে, যা বুঝায় পথ পদর্শক (হিদায়াখদাতা), রুখীদাতা ও আরোগ্যদাতা। ঔষধ হচ্ছে তথু আরোগ্যের উপায় উপকরণ মাত্র ,আরোগ্যদাতা মোটেই নয় ৷

৮. বহু লোক এমন আছে যারা জীবিত ও মত ব্যক্তির ফরিয়াদের মাঝে

অর্ধ ৪ ' আর জীবিত ও মৃত সমান হইতে পারে না।' -(সুরা ফাতের-২২)

আবো এবশাদ হতে ৩

فاستغاثه الذي من شبيعته على الذي من عدوه -(القصص-١٥)

অর্থ ঃ ' অতঃপর তাঁহার জাতির লোকটি শত্রুপক্ষের লোকটির বিরুদ্ধে

সাহযোর জন্য তাহাকে ডাকিল।' - (সরা কাসাস-১৫) আসল ঘটনা এই যে একজন লোক বখন মুসা আলাইহিস সালামের নিকট

তার শক্রুর হাত থেকে বাঁচার উদ্দেশ্যে সাহায্য চাইল তথন তিনি সেই শক্রুকে এক ঘঁসি মারলেন তাতে তার মতা হল।

কিন্তু মত ব্যক্তির নিকট সাহায্য প্রার্থনা মোটেই জায়েয় নয়, কারণ সে কোন রকম ডাক জনতে পায়না, আর যদিও সে জনে তবে তার জবাব দিতে

পারে না. কারণ এটা তার শক্তির বাইরে।

জাই এর**শা**দ হয়েছ ৫

والذين يدعون من دون الله لايخلقون شيئا وهم يخلقون، أموات غير أحياء وما يشعرون أيان

يبعثون - (النحل - ۲۱،۲۰)

20

অর্থ ঃ ' আর সেই অন্যান্য সন্তাগুলি, মান্য আলাহকে ত্যাগ করিয়া যাহাদের ডাকে, তাহারা কোন কিছুরই সৃষ্টিকর্তা নয়, বরং নিজেরাই সৃষ্ট।উহারা সব মৃত, জীবিত নয়। আর তাহাদের কিছই জানা নাই, তাহাদেরকে কবে (পুনরক্ষীবিত করিয়া) উঠানো হইবে।

 সরা নাহল –২০.২১) ১. সহীহ হাদীসে আছে যে কেয়ামতের দিন লোকেরা নবীদের নিকট

আসবে এবং তাদের কাছে সুপারিশ করার জন্য দরখান্ত করবে, শেষ পর্যন্ত নবী মুহাম্মদ সাল্লাল্লাৰ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসবে এবং তাঁর নিকট বিপদ-আপদ ও দুরুথ কষ্ট দূর করার জন্য শাহ্দা'আতের আবেদন করবে। তখন নবী সাল্লাল্লাল আলাইছি ওয়াসাল্লাম বলবেন ঃ আমি এই কাল করব. অতঃপর তিনি আরশের নীচে সিজ্ঞদায় পডবেন এবং আল্লাহর নিকট কট দূরীভূত ও শীঘ্র হিসেব নেয়ার আবেদন করবেন। এই শাফা' আত নবী মুহাম্মদ সাল্লাক্সাক্ত আলাইছি ওয়াসাল্লাম এর কাছে এমন অবস্থায় চাওয়া হবে যখন তিনি জীবিত থাকবেন, মানুষ তাঁর সাথে কথা বলবে এবং তিনি তাদের সাথে কথা বলবেন যেন তাদের জন্য আল্লাহর নিকট শাক্ষা আত করেন ও তাদের মসীবত দুর করার জন্য দু' আ করেন, এই সুপারিশ নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লায় করবেন। তৌর প্রতি আমার আব্বা ও আন্না করবান হোক।)

১০. জীবিত ও মৃতের নিকট দরখান্ত করার মাঝে পার্ধক্যের সব চাইতে বড প্রমাণ হল এই যে, যখন উমর ফারুক রাযীয়াল্লাহ আনহর যুগে দুর্ভিক্ষ হয় তখন তিনি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের চাচা আব্দাসের (রাঃ) কাছে তাঁদের জন্য দু'আ করার দরখান্ত করেন, কিন্তু নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের ইহলীলা সম্বরণের পর তাঁর নিকট দরখান্ত করেন নি।

১১. কতক আলেমের ধারণা যে অসীলা (মাধাম) ধরা সাহযা চাওয়ার মতই, অবচ দু'টোর মধ্যে বিরাট তফাত রয়েছে, অসীলা ধরার অর্থ হল আল্লাহর নিকট কোন কিছুর মাধ্যম চাওয়া যেমন,(এটা) বলা যেতে পারে যে, হে আল্লাহ তোমার ও আমাদের নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সাথে ভাগবাসার বদৌগতে আমাদের বিপদাপদ দর করো এটা জায়েয।

কিন্ত "ইসতেগাসা" (ফরিয়ান করা) হল গায়বল্যাহর নিকট চাওয়া যেমন

- (সুরা ইউনুস-১০৬)

আরো এরশাদ হচ্ছে ঃ

কোন কল্যাণ করার।' -(জ্বিন-২১)

কাহাকেও শরীক করি না ।' -(জ্বিন-২০) আর নবী সাল্রাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন ৪ اذا سألت فاسأل الله وإذا استعنت فاستعن بالله 'যখন তুমি কিছু চাইবে তখন আল্লাহর নিকটই চাইবে, এবং যখন সাহায্য প্রার্থনা করবে তখন আল্লাহর নিকটই সাহায্য কামনা করবে। -- (ভিন্নমিয়ী- হাসান, সহীহ) কবি বলেন ৪

বলা যে, হে আল্লাহর রাসুল ! আমাদেরকে বিপদাপদ থেকে মুক্ত কর, এটা অবৈধ তো বটে, বরং এটা হল (শিরক আকবর) বড শিরক। আপ্তাহ তা'আলা এরশাদ করেন ঃ

ولا تدع من دون الله مالاينفعك ولا يضرك، فإن

فعلت فإنك إذًا من الظالمين . (يونس-١٠٦)

তোমাকে কোন ফায়দা (উপকার) পৌছাইতে পারে, না কোন ক্ষতি, তুমি যদি

এইরপ কর, তাহা হইলে তুমি যালেমদের মধ্যে গণ্য হইয়া যাইবে।

অর্থ ঃ ' আল্লাহকে ছাডিয়া এমন কোন সত্যাকেই ডাকিও না যা না

قل إني لاأملك لكم ضرأ ولا رشدا (المن -١٢) قل إنما أدعو ربى و لا أشرك به أحدا . (الجن - . ٢) অর্থ ৫ 'বল , আমি ভোমাদের জন্য না কোন ক্ষতি করার ক্ষমতা রাখি, না

' হে নবী, বল, আমিতো আমার গ্রন্থকে ভাকি এবং তাঁহার সহিত

الله أسأل أن يفرج كرينا + فالكرب لايمحوه إلا الله . অর্থাৎ s ' আল্লাহর নিকট চাই যে আমাদের দুরু কট্ট দুরীভূত করে দেন, কারণ আল্লাহ ব্যতীত কেউ বিপদাপদ দর করতে পারে না।

মহান আল্লাহ কোথায় আছেন ?

আল্লাহ তা'আলা যিনি আমাদের সৃষ্টি করেছেন, তিনি আমাদের উপর এটা

জানা অপরিহার্য করেছেন যে তিনি কোপায় আছেন ? যেন আমরা আমাদের দিল, দু'আ ও নামায়ের মাধ্যমে তাঁর নিকে ধাবিত হই। আর যে ব্যক্তি একথা না জানল যে তার প্রত কোপায় ? সে ব্যক্তি

আর যে ব্যক্তি একথা না জানগ যে তার প্রভূ কোথায় ? সে ব্যক্তি বিভ্রান্তিতে বিভ্রান্তিতে (ভিমিরে) থাকগ, না তার মা'বুদের দিকে ধাবিত হতে পারল, আর না তার যথারীতি এবাদত করতে সক্ষম হল।

পারণ, আর না তার যধারাতে এবাদত করতে সক্ষম হল। আল্লাহে তা'আলা নিজ বান্দাদের উপর সমুন্নত (মহান) হওয়া তাঁর সেই সব তথা সমূহের একটি যার আলোচনা কুরআন ও বিতদ্ধ হারীসে হয়েছে, যেমন

তাঁর পোনা, কোবা, কথা কাতকাণ করাসহ কনানা কথাবালী।
তাই সাপ্তেক সা– কোহীনানের মুক্তিবাঙা লগ আহ্বেল সুমুখি ধয়ান
ভামা আকের অভিনা (মৌদিক বিধাস যে আন্তাহ তা আদা তাঁর দিভাবে তথা
তাঁর রাসুদ স্বীয় হালীনে যেসাব নেকাভ কোবালাটী ফর্পনা করেছেন তার হাকি
বিনা ভাষীল, বিক্তিভি যাট্যে। বিনাৰ তাতিল অভীক্তিভ বেং বিনা ভাসপিত্র
বিনা ভাষীল, বিক্তিভি যাট্যে। বিনাৰ তাতিল অভীক্তিভ বেং বিনা ভাসপিত্র

(সাদৃশ্য) করতঃ ঈমান আনা আবশ্যক। মহান আলাহ বলেন ঃ

ليس كمثله شيئ وهو السميع البصير.(الشوري١١)

بس حمله شیئ وهو السمیع البصیر (الشوری۱۱)

অর্থ ঃ 'তাঁর মত কোন জিনিষই নেই এবং তিনি অতি শ্রবণকারী, দর্শনকারী।' – শেবা–১১)

দশনকার। ' – (শ্বা-১১) আর যম্বন এইসব গুণাবদী আন্তাহরই, তার মধ্যে তাঁর সর্বোচ হওয়াও শামিল, তখন এসব গুণাবদীর গ্রতি (ঈমান) বিশ্বাস স্থাপন করা অপরিহার্য, ঠিক তেমনিষ্ট যেমনি তাঁর মহান সরার উপর ঈমান আনা ফরয়।

তেমানহ বেমান তার মহান গভার ভগর সমান আনা করব। তাই ইমাম মালেক (রহঃ) কে বর্ষন এই আয়াতের অর্থ জিঞ্জাসা করা হয়-

" الرحمٰن على العرش استوى . " (مه-٥)

অর্থ ও 'নয়াময় আল্লাহ তা' আলা আরশের উপর সমাসীন।' (তাহা-৫)

ইসলামী জীবন পদ্ধতি

70

তখন তিনি বলেন ৪ ইসতেওয়া (সমসীন হওয়া) পরিচিত ও জ্ঞাত, তবে এর কৈফিয়ত (ধরন নির্ণয়) জানা নেই এবং এটা বিশ্বাস করা অপরিহার্য। অভএব আমার মসপিম ভাই সকল ! ইমাম মালেক (রহঃ) এর উক্তিটি চিন্তা করে

দেখন, তিনি আল্লাহর ইসতেওয়া অর্থাৎ আরশে সমাসীন হওয়ার প্রতি ঈমান নিয়ে আসাকে প্রত্যেক মসলিমের জন্য আবশ্যক বললেন, এটাই হচেছ তাঁর সর্বোচ্চ হওয়া, কিন্তু তাঁর ধারণ অনবহিত যা আল্লাহ বাতীত কেট জানে না। আল্লাহর যেসব গুণাবলী করআন ও হাদীসে প্রমাণিত, তার মধ্যে একটি

গুণ হল উল (সমনত) আর তিনি আকাশের উপরে সমসীন। অতএব যে ব্যক্তি তার সিফাত (গুণ) অগ্রাহ্য করবে, সে ঐ সমন্ত আয়াত ও হাদীস সমূহকে অম্বীকার করণ, যা থেকে এই সব গুণাবলী প্রমাণিত হয়েছে, সমুনুত ও মহান হওয়ার এই সব গুণাবলি তাই এসবকে আল্লাহর সভা হতে অমান্য করা জায়েয

तरा । কিন্তু কতিপয় পরবর্তী লোকের। দর্শনশান্তে প্রভাবিত হয়ে এই সমস্ত গুলাবদীর বিকৃতি ঘটায়, কুরআনের বিভিন্ন আয়াতে স্পষ্ট আলোচনা করা

হয়েছে, যার ফলে বিপুল সংখ্যক মুসলিমদের আকীদা (ধর্মীয় বিশ্বাস) বিগড়ে যাছে। এই সব লোকেরা আল্লাহর সিফাতে-কামেলার (মহান গণাবলীর) অম্বীকৃতি জানায় এবং সালফে-সালেহীনদের বিপরীত পথ অবলম্বন করে থাকে[।] আল্লাহ তা'আলার গুণাবলীর ব্যাপারে সালফে-সালেহীনদের পদ্ধতিই

হচ্ছে সব চাইতে সঠিক, সৃষ্ঠ ও যুক্তিযুক্ত। জনৈক পভিত কবি চমৎকার বলেনঃ

" كل خيير في اتباع من سلف + وكل شير في ابتداع من خلف

অর্থ ঃ সালফে-সালেহীনদের অনকরণে সর্ব প্রকার কল্যাণ নিহিত রয়েছে,

আর পরবতীদের ধর্মীয় ব্যাপারে নতন আবিষ্ণারে সর্বপ্রকার অমঙ্গল রয়েছে।

সার কথা

মোন্দা কথা এই যে, যে সকল গুণাবদী কুরআন ও বিশুদ্ধ হাদীদে পাওয়া যায় ডার উপরা ইমান রাখা ফরুয়, আমাদের জন্য ডার গুণাবদীতে পার্থক্য করা বৈত্ত রা, যা আমাদের সুবিধামত কতকগুলোকে মানব আর কতকগুলোকে নিজেনের যাবের্ধির অনুক্রলে বিকৃতি ঘটাবো।

* যে ব্যক্তি আচাহে তা' আলাকে তার সৃষ্টির সাথে সাদৃশ্য করল গে তাকের হয়ে গোল, আর যে বাজি গেই সত তথাবালী অধীকার করবে যা আচাহ তা' আলা শ্বীয় নত্তার জন্ম বর্ণনা করেলে সেও কুসুধী করল, আর অচাহ তা' আলা যে সক্ষত্ত তথাবেলীকৈ তথাবিত এবং তার রাস্থাস সাচাচাছ আলাইছি তথাসাচাম তাঁর জন্য যে সব তথাবালী বর্ণনা করেছেল তাতে কোল সাদশ্য কোঁ !"

ে। শোবহ আকীদা ভাহবীয়া।











আল্লাহ আরশের উপর সমাসীন

কুরআন, সহীহ হাদীস, সুইজ্ঞান ও সঠিক প্রকৃতি একধার সমর্থন করে।

১. তাই এরশাদ হচ্ছে ঃ

الرحمان على العرش استوى (طه-٥)

অর্থ 3 'রহমান সিংহাসনে সমাসীন , অর্থাৎ (সমুদ্রুত ও সৃষ্টিক) এই তাক্ষসীর সহীহ্ বুধারীতে তাবেয়ীন হতে বর্ণিত হয়েছে। (তাহা-৫)

২. আরো এরশাদ হচ্ছে ৪

أأمنتم من في السماء أن يخسف بكم الأرض(ملك-١٦)

অর্ধ ঃ ভোমরা কি সেই সন্তা হইতে নিরাপদ যিনি আকাশে রহিমাছেন, যে তিনি ভোমাদেরকে মাটিতে ধসাইমা নিবেন।' – (মূলক–১৬)

ইবনে অপ্ৰাস রাধীয়াল্লাহ আনহ বলেন ঃ

৩. তিনি হলেন আল্লাহ, (তাক্ষসীর ইবনে জাওধী)

আরো এরশাদ হচ্ছে ঃ

يخافون ربهم من فوقهم - (النحل - .ه)

অর্ধ ঃ ' ভাহারা তাহাদের রবের প্রতি ভয় পোষণ করে, যিনি তাহাদের উপর অবস্থান করছেন।' – (নহণ-৫০)

অর্থ ও আল্লাহ তা' আলা ঈসা আলায়হিস সালাম সম্বন্ধে বলেন ৪
بل رفعه الله المه - (النساء-. ٥)

অর্থ ও ' বরং আল্লাহ্ তা' আলা তাঁহাকে (ঈসা আলাইহিস সালাম) নিজের দিকে উঠাইমা লন। অর্থাৎ আকাশে উঠাইমা লইয়াছেন।- (আননিসা–৫০)

৫. আরো এরশাদ হচেছ ঃ

অর্থ ঃ ' সেই এক আল্লাহ যিনি আকাশ রাজ্যে রহিয়াছেন। - (আনআম-৩) ইমাম ইবনে কাসীর রহমাতল্পাহি আলাইহি উপরোক্ত আয়াতের তাফসীরে বলেন ৪

ভাষ্ণসীর কারকেরা এ ব্যাপারে একমত যে আমরা সে কথা বলবনা যা (পথন্ত দল) ভাহমিয়া বলে থাকে যে আল্লাহ তা"আলা প্রতিটি জায়গায়

বিদয়োন। যালেমদের এ ধরনের কথা হতে আল্লাহ অতি মহান । (আর, আকাশে

ধাকার অর্থ হল আকাশের উপর হওয়া) আর আল্লাহর এই আয়াতের অর্থ ৪ وهو معكم أينما كنتم " (المديد-٤)

'তোমরা যেখানেই থাক তিনি (আল্লাহ) তোমাদের সাথে রয়েছেন।' (আল-হাদীদ-৪) অর্থাৎ তিনি তোমাদের সুরক্ষক ও তোমাদের আমলসমহ প্রত্যক্ষকারী

যেখানেই তোমরা থাক না কেন সর্ব বিষয়ে তিনি ভাগভাবে অবহিত এবং সবকিছ তার দৃষ্টিশক্তিও শ্রবণশক্তির আয়তে।

৬. মে' রাভে রাসল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে সপ্তম আকাশে নিয়ে যাওয়া হয়, এমনকি তিনি তাঁর রবের সাথে কথা ও বলেন এবং পাঁচ ওয়াক্তের

নামায়ও ফর্য করা হয়। -(বখারী ও মস্পিম) ৭. নবী সালালার আলাইহি ওয়াসালাম বলেন ৪

তোমরা কি আমানতদার মনে করো না ? অথচ আমি সেই সন্তার আমানত বক্ষক যিনি আকাশে বয়েয়েন।

(তিনি হলেন আল্লাহ), (আর আকাশে থাকার অর্থ হল আকাশের উপরে

থাকা) - (বখারী ও মসলিম) নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) আরো এরশাদ করেন ৪ 'ভুমন্ডলের

উপর যা কিছু রয়েছে তার উপর দয়া কর, তোমাদের উপর সেই সভাু কুণা করবেন যিনি আকাশে রয়েছেন।' (অর্থাৎ আল্লাহ কপা করবেন।)

ইমাম তিরমিয়ী এই হাদিসটি বর্ণনা করার পর, হাসান-সহীহ বলেছেন।) ১. একবার নবী করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম একটি ক্রীতদাসীকে

জিজ্ঞেস করেন যে, আল্লাহ কোথায় রয়েছেন ? সে বলল, আকাশে রয়েছেন।

অতঃপর প্রশ্ন করলেন যে আমি কে ? উত্তরে (মেয়েটি) বলল, আপনি হলেন আল্লাহর রাস্ত্র সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম। নবী সাল্লাল্লাহ্ন সাগ্রহার ওয়াসাল্লাম তার মালিককে বললেন ৪ তাকে স্বাধীন করে দাও কারণ সে একজন ঈমানদার বাঁদী। - (মস্পিম)

১০. রাসল সাপ্রাপ্তাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন ৪ আরশ পানির উপরে রয়েছে এবং আপ্তাহ আরশের উপর রয়েছেন, আর তোমরা (পৃথিবীতে) যা কিছু করছ সবই তী অবগত।- (হাসান–আবু দাউদ)

১১. খলীফা আবু বকর রাযীয়াল্লাহ আনহ বলেনঃ যে ব্যক্তি আল্লাহর এবাদত করে সে জেনে রাথক যে আল্লাহ আকাশে

চিব্ৰঞ্জীব এবং তিনি কখনো মববেন না। ইমাম দারেমী স্বীয় কিতাব 'আর রদ আলাল ছাহমিয়া-এ বিশ্বদ্ধ সনদে বর্ণনা করেন।

১২. ইমাম আব্দুল্লাহ্ বিদ মুবারক (রহঃ)কে জিজেস করা হয় যে, কিভাবে আমরা আমাদের প্রভূকে চিনবো ? তিনি বলেন, আল্লাহ স্বীয় সৃষ্টি হতে আলাদা ভাবে আকাশের উপর নিজ সন্তাসহ রয়েছেন, তার সৃষ্টি হতে এমনভাবে তিনি

পূথক যে তার সৃষ্টির কেউ সমুনুতায় তার সমত্ব্য নেই। ১৩. এবং চার ইমাম এ ব্যাপারে একমত যে আল্লাহ নিজ আরশের উপর

সমাসীন রয়েছেন, তবে তিনি তাঁর কোন সৃষ্টির সাদশ্য রাখেন না। ১৪. নামাথী ব্যক্তি সিম্বদার অবস্থায় বলৈ-

(উচারণঃ- সুবৃহানা রাশ্বিয়াল আ'লা) سبحان ربى الأعلى

অর্থ ঃ " আমার মহান গ্রন্থর পবিত্রতা বর্ণনা করছি " এবং দু' আর সময় সে দু' হাত আকাশের দিকে উঠায়।

১৫. শিষ্টদের যদি জিজেন করা হয় যে আল্লাহ কোথায় ? তবে ভাদের

সষ্ঠ প্রকৃতির ভিন্তিতে তারা উত্তর দেবে যে, আপ্রাহ আকাশে রয়েছেন।

১৬. সঠিক জ্ঞান ও সুষ্ঠ বিবেক একধার সমর্থন করে যে, আল্লাহ আকশে রয়েছেন। যদি সব জায়গায় হতেন তবে নিশ্চয় রাসুল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তা অবহিত করাতেন এবং তাঁর সহচরবর্গকে ও শিখিয়ে দিতেন।

আর এটাও মনে রাখা দরকার যে, আল্লাহ তা'আলা যদি সব জামগায় হতেন তবে বছ অপবিত্র ও আবর্জনাপূর্ণ জায়গা রয়েছে সে ক্ষেত্রে কি বলা আবে ? তিনি কি সেখানেও রয়েছেন ? তারা যা বলে বাকে তা থেকে আল্লাহ সর্বোচ্চ ও মহান।

১৭.একথা বলা যে খালাহ পর্ব স্থানে আমাদের সাধ্যে কলভার রয়েছেন,
এটাই বুলার যে, আরুরার অনেক সন্থা ররেছে, কারণ ভারণা। একটি নম বরং
অনেক ররেছে। ভাহলে যদন আলাহর সভা এক, একার্কিক হয়েরা অসম্ভর,
তবন ভাদের একথা যে সর্বস্থানে বিদ্যানান, এটা বাভিক ও অসাঙা আরু ইয়া
বার্মিকি হয়ে লোল যে আলাহ ভা খালা আরক্ষের উপর সামলীন ররেছেন, আর
ভিনি আনের দিক দিয়ে বার্তাক আলাহা আমাদের সাধ্যে রয়েছেন এটভারে
যে, আমারা যোখাদেই থাকি না কেন ভিনি আমাদের কথাবার্তা তনেন ও
আমাদের প্রভাগত বার্যাক্র।



ইসলাম বিন্টকারী বস্তুসমূহ

বস্তুত কতকগুলো কার্য এমন রয়েছে যা মুসলমানরা করলে তার ইসলাম ধ্বংস ও বিনষ্ট হয়ে যায়, যেমন কোন বাক্তি দির্বক করলে (যা) তার সমস্ত নেক আমলকে ধ্বংস করে দেয়, ফলে তাকে চিরস্থায়ী জাহানুমী। হতে হবে এবং আয়াহে তালাতাকে বনা তাওবাহা কমা করবেন না।

বেমন ঃ আল্লাহ ব্যতীত অন্যের কাছে দু'আ করা বা ডাকা যেমন মৃত
নবীগণ, অলীগণ এবং সেই জীবিত ব্যক্তিগণ যারা অমুপস্থিত তাঁদের ডাকা।

তাই এরশাদ হচ্ছে ৪

" ولاتدع من دون الله مالا ينفعك ولا يضرك فإن فعلت فإنك إذا من الظالمين" -(بونس-١٦)

জ্বর্থ ৪ ' আছার্যকে হাড়িয়া এমন কোন গরাকেই ভাকিওনা যা না তোমাকে কোন কামলা পৌছাইতে গারে আর না কোন কভি, যদি তুমি এরূপ কর তাহা হুইলে তুমি যালেমনের মধ্যে গণ্য হুইয়া যাইবে। ' (ইউনস্-১০৬)

(যালেম হওয়ার অর্থ মুশরিক হয়ে যাওয়া) এবং নবী সাল্লাল্লাছ আলাইছি ওয়াসাল্লাম বলেন ৪

बन्दर नवा आहाद्वाद आणाहाह उसलाहास वलन उ من مات وهو يدعو من دون الله نداً دخل النار – 'या व्यक्ति खालाहव उसल खमार क्वीक कवा खनलाया घाता स्थल स्थान्स

'যে ব্যক্তি আল্লাহর সঙ্গে অন্যকে শরীক করা অবস্থায় মারা গেল সে নরকে প্রবেশ করবে। – বেখারী)

২. আল্লাহর ভাওহীদকে (একন্তবাদা অন্তর বেকে ঘৃণা করা এবং তাঁকে ভাকা হতে ও তাঁর নিকট সাহায্য গ্রাপ্তান হতে বিভূজ্জা প্রকাশ করে এবং রাম্বাশণ, মুক্ত আজিমাণণ এবং জীবিত অবুপত্তিত থাকিলের যখন ভাকা হয় ও তাদের নিকট প্রার্থনা করা হয় তথন অন্তর উন্মুক্ত হওয়া।

তাই মুশরিকদের সম্বন্ধে এরশাদ হচ্ছে ৪

وإذا ذكر الله وحده السمازت قلوب الذين لايؤمنون بالأضرة، وإذا ذكر الذين من دونه إذا هم يستبشرون - (الزمر-٤٠٠)

অর্থ ঃ ' যখন একাকী আল্লাহর কথা বলা হয়, তখন পরকালের প্রতি বেঈমান লোকদের অন্তর ছটপট করিতে পাকে। আর যখন ভীহাকে ছাডিয়া অন্যদের উল্লেখ করা হয়, তখন সহসা ভাহারা আনন্দে হাসিয়া উঠে। -(মুমার-৪৫)

এই আয়াত সেই সব লোকের উপর প্রয়োজ্য, যারা ঐসব লোকের বিকন্দে পড়াই ও বিধ্রোহ করে যারা তথু আপ্তাহর নিকট সাহায্য প্রার্থনা করে, তাদেরকে তারা ওহাবী বলে আখ্যায়িত করে, কারণ তারা জনে না যে

ওহাবীরা (তাওহীদের) একন্তবাদের দিকে আহবান করে।

কোন রাসূল বা অপীর নামে যবহ করাঃ-

এরশাদ হচ্ছেঃ

فصل لربك و انحر " (الكرثر-٢) فصل لربك و انحر " (الكرثر-٢) অর্থ ঃ' তামার পভুর জন্য নামায গড় ও কুরবানী কর।' - (কাওসার–২) আর নবী সাল্লাল্লাহ আলাইছি ওমাসাল্লাম এরশাদ করেন ঃ

لعن الله من ذبح لغير الله – (مسلم) অর্থ ঃ যারা আল্লাহ ব্যতীত অন্যের জন্য যবেহ করে তাদের উপর আল্লাহর

লা'নত(অভিশাপ) হয়। -(মুসলিম)

কোন মাথপুকের (সৃষ্টির) জন্য নৈকটা ও তার এবাদতের উদ্দশ্যে
নয়র (মান্ত) করা, অর্থচ তা তথ এক আল্লাহর জন্য।

তাই এরশাদ হতে ৪

رب إني نذرت لك مافي بطني محرراً-المعملة المحالية الله مافي بطني محرراً-

্(۲۰–آل عمر ان (۲۰۰–۱)

অর্থ ঃ 'হে গ্রন্থ। আমার এই সন্তান যে এখন গর্ভে আছে আমি ভাষাকে ভোমার উদ্দেশ্যে উৎসর্গ করিতেছি, সে ভোমার কান্তে সম্পূর্ণ নিয়োজিত

বিজ্ঞান ওলেন্ডের ওপর ভারতে। বে তেরিয়ার আর্ডের সম্পূর্ণ নিয়োজত থাকিবে।' – (আল-এমরান–৩৫) ৫. কবরের আসে–পাশে নেকীর ও তার এবাদতের উদ্দেশ্যে তাওয়াফ

৫. কবরের আনে—পাশে নেকীর ও তার এবাদতের উদ্দেশ্যে তাওয় করা, অধ্য সেই তাওয়াফ কাবা ঘরের জন্যেই তথু হতে পারে। তাই এবশাদ ছোত্ত ও

তাই এরশাদ হেছে ঃ وليطوفوا بالبيت العتيق ً _ (الحج-٢٩) وليطوفوا بالبيت العتيق ً _ (الحج-٢٩)

অর্থ ৪ ' আর তারা এই গ্রাচীনতম ঘরের তাওয়াফ করবে।' –।হল্ক-২৯/ ৬. আল্লাহ ছাড়া অন্যের উপর আস্থাদীল হওয়া ও তরসা রাখা।

তাই এরশাদ হচ্চে ৪

فعلمه توكلوا إن كنتم مسلمين - (بونس - ٨٤) অর্থ ঃ 'স্তরাং তাঁহারই উপর ভর্মা কর, যদি তোমরা মুসলিম হইয়া

থাক।' -(ইউনস-৮৪) ৭. এবাদতের নিয়তে কোন বাদশাহ জীবিত বা মৃত ব্যক্তগের সামনে রুকু বা সিজদা করা। হাাঁ তবে ঐ ব্যক্তি যে এই সম্পর্কে অনবহিত যে রুকু ও

সিজনা তথ্ আল্লাহর জন্য এবাদত স্বব্ধপ করা যায় সে এই দলের অন্তর্ভক্ত হবে

না ৷ ৮. ইসলামের আরকান সমহের কোন এক ক্রকন বা ঈমানের আরকান

সমূহের কোন এক বল্কনকে অম্বীকার করা। ইসলামের আরকান ও যেমন - কালেমা, নামায, যাকাত, রমাযান মাসের রোযা এবং আল্লাহর ঘরের হল্পত্রত পালন করা।

ঈমানের আরকান s যেমন
– আয়াহ, তার ফেরেশতাগণ, তার কিতাব সমূহ, তাঁর রাস্পর্বর্গ, পরকাল এবং ভাগ্যের ভাল–মন্দের উপর বিশ্বাস ও আস্থা

রাখা। আর এ ছাড়া ঐ সমস্ত বিষয়ের উপর ও বিশ্বাস রাখা যা ইসলাম ধর্মের क्रमा जनभा करनीय। ১. পূর্ণরূপে ইসলামকে ঘুণা করা অথবা এবানত, কারবার, অর্থনীতি এবং

চারিত্রিক কোন একটি এমন বস্তু যাতে কোন দ্বিমত নেই তাকে ঘণা করা। ভাই এবশাদ হতে ও

" ذلك بأنهم كرهوا ما أنزل الله فأحبط أعمالهم"

(a-aaa) অর্থ ও ' কারণ তারা সেই জিনিষ অপছন্দ করেছে যা আল্লাহ নাযিপ করেছেন, এই কারণে আল্লাহ তাদের কার্যাবলী নিক্ষণ ও বার্থ করে দিয়েছেন।

- (মহামদ -১) ১০. কুরআন পাকের কোন আয়াত, সহীহ হাদীস অথবা ইসলামের কোন

বিধানের সাথে বিদ্রুপ ও ঠাট্টা করা। তাই এরশাদ হচ্ছে ৪

قل أبالله وأياته ورسوله كنتم تستهزؤن، لاتعتذروا قد كفرتم بعد إيمانكم، (التوبة -٦٦،٦٥)

অর্থ ঃ ' তাহাদেরকে বল ঃ তোমাদের হাসি-তামাসা ও মন মাতানো কথাবার্তা কি আল্লাহ তাঁহার আয়াত এবং তাঁহার রাসলের ব্যাপারেই ছিল গ এখন টাল-বাহানা করিও না, তোমরা ঈমান গ্রহণের পর কুফুরী করিয়াছ।

-(তাওবা- ৬৫.৬৬) ১১. পবিত্র করখানের কোন আয়াত অথবা সহীহ ও বিশুদ্ধ হাদীস জেনে বঝে অবজ্ঞা ও অস্বীকার করা যাতে মানুষ দ্বীন ইসলাম হতে মুরতাদ (বহিস্কার)

करस साम ।

১২. প্রতিপাদক আল্লাহকে গালাগালি করা, দ্বীন ইসলামকে অভিশাপ করা, রাসুল সাল্পাল্লাই আলাইহি ওয়াসাপ্তামকে অবমাননা করা, তাঁর জীবন পদ্ধতিকে বিদ্রুপ করা এবং তিনি যে সব বিধান ও শিক্ষা নিয়ে এসছেন তার সমালোচনা করা। এসকল বিষয় নিছক কুফুরী। ১৩. জেনে খনে এবং ভাবীল (বিকৃত অর্ধ) ব্যতীত আল্লাহর নাম সমূহের কোন একটি নাম, তার গুণাবলীর কোন একটি গুণ এবং তার কর্মসমূহের কোন একটি কাজকে অবজ্ঞা ও অম্বীকার করা যা কুরআন ও বিশ্বদ্ধ হাদীস দ্বারা

প্রমাণিত হয়েছে। ১৪. যে সমস্ত রাস্লগণকে আল্লাহ তা' রালা মানব জাতির জন্য সঠিক পথ গুদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করেছেন তাঁদের প্রতি ঈমান (বিশ্বাস) না আনা,

অর্থবা (তীদের কোন একজনের অবমাননা করা) এরশাদ হচ্ছেঃ

الانفرق بين أحد من رسله " - (البقرة-٢٨٥) অর্থ ঃ ' আমরা আল্লাহর রাস্পদের মধ্যে কোন পার্থক্য করি না।'

(বাকারা- ২৮৫)

১৫. আল্লাহর বিধান অনুযায়ী ফয়সালা না করা। যখন ভার এ ধারণা ও বিশ্বাস হবে যে ইসলামের ক্ষমসালা অনুপযোগী অথবা আল্লাহর বিধান ছাড়া অনোর বিধান ও মতবাদ দারা কয়সালা করাকে বৈধ মনে করে।

তাই এরশাদ হচ্ছে ৪

" ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الكافرون

- (المائدة - ٤٤)

অর্থ ৪ ' যারা আল্লাহর নাযিল করা আইন অনুযায়ী বিচার ও ফয়সালা করে না ভারাই কাফের।' - (মায়েদা - ৪৪)

১৬, ইসলাম ছাড়া অন্যের নিকট ফয়সালা নেয়া. অথবা ইসলামের বিচার ফ্রমালার প্রতি অসম্রাষ্ট্র প্রকাশ করা বা ইসলামের ফ্রমালা মানতে অন্তরে কোন বক্তম সংকীৰ্ণতা বোধ করা।

তাই এরশাদ হতে ৪

فلاوربك لايؤمنون حتى يحكموك فيما شجر

بينهم ثم لايجدوا في أنفسهم حرجا مما قضيت ويسلموا تسليمًا - (النساء -٦٥)

অর্থ ৪ ' না, হে মুহামদ তোমার রবের নামের শুণথ, এরা কিছতেই ইমানদার হতে পারে না যতক্ষণ না তারা তাদের পারস্পরিক মতভেদের বিষয় ও ব্যাপার সমূহে তোমাকে বিচারপতি রূপে মেনে নিবে। অতঃপর তুমি যা

ক্ষমসালা করবে সে সম্পর্কে তারা নিজেদের মনে কিছমাত্র কণ্ঠাবোধ করবে না রবং ভার সম্পর্কে নিজদিগকে পর্ণরূপে সোপর্দ করে দেবে।

-(নিসা-%¢) ১৭. আল্লাহ ব্যতীত অন্যকে আইন রচনার অধিকার প্রদান করা। যেমন (DICTATORSHIP) একনায়কতন্ত্র অথবা গণতান্ত্রিক নীতিকে মেনে নেয়া, যারা ইসলাম বিরোধী আইন রচনা করা বৈধ মনে করে।

তাই এরশাদ হচ্ছে ৪

ام لهم شركاء شرعوا لهم من الدين مالم يأذن به

الله ، (المشوري-٢١) অর্থ ৪ ' এরা কি আল্লাহর এমন কিছু শরীক বানিমে নিমেছে যারা এদের জন্য 'ঘীনের কোন নিয়ম-বিধান নির্দিষ্ট করে দিয়েছে যার কোন অনুমতি

আল্লাহ দেন নি।' - (জ্বা-১১)

১৮. আল্লাহর হালালকত জিনিসকে হারাম ও হারামকত জিনিসকে হালাল

বলে মনে করা। যেমন- ব্যভিচার, মদ্যপান অথবা সুদকে বিনা দলীলের আশ্রমে হালাল মনে করা।

তাই এবশাদ হচ্ছে ঃ

وأحل الله البيع وحرم الربا " - (البقرة-٢٧٥) অর্থ ৪ ' আর আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন ও সদকে করেছেন

হারাম।' - (বাকারা-১৭৫)

১৯. ইসলামকে ধাংসকারী আন্দোলন বা মতবাদে বিশ্বাসী হওয়া এবং তার উপর বিশ্বাস স্থাপন করা। যেমন ধর্মদ্রোহী সমাজবাদ, মাসুনী ইহুদীবাদ, মার্কবাদী কমিউনিজম, ধর্মনিরপেক্ষতা অথবা জাতীয়তাবাদ যা অমসলিম আরবকে অনারব মুসলিমের উপর অগ্রাধিকার দেয়।

তাই এরশাদ হচ্ছে ঃ

ومن يبتغ غير الإسلام دينا فلن يقبل منه، وهو ، الآخرة من الخاسرين . (أل عمران - ٨٥)

অর্থ ৪ 'ইসলাম হাড়া যে ব্যক্তি অন্য কোন পদ্ধা অবলম্বন করতে চাহে তার সে পদ্ধা একেবারেই করল করা হবে না, এবং পরকালে সে বার্ধ ও ক্ষতিগ্রস্থ হবে।' - (আগ-ইমরান-৮৫)

২০. খীন ইসলাম বর্জন করে অন্য পদ্ধা অবলম্বন করা, কারণ আল্লাহ এবশাদ করেন গ

ومن يرتدد منكم عن دينه فيمت وهو كافر

فأولئك حبطت وعمالهم في الدنيا والآخرة وأولئك

أصحاب النار هم فيها خالدون - (البقرة -۲۱۷) والمعدي النار هم فيها خالدون - (البقرة -۲۱۷) মধ্যে প্রাণত্যাগ করবে, ইহকাল ও পরকাল উভয় স্থানেই তার যাবতীয় কাজকর্ম নিকল হয়ে যাবে। এ ধরনের সকল লোকই জাহান্নামী হবে এবং

চিরদিন জাহান্নামে অবস্থান করবে।' - (বাকারা-২১৭)

আর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন ৪ 'যে ব্যক্তি দ্বীন পরিবর্তন করে তাকে হত্যা কর।' – (বুখারী)

২১. ইছদী, খ্রীষ্টান এবং সমাজবাদী কমিউনিষ্টদের সঙ্গ দেয়া এবং মুসল-

মানদের বিরুদ্ধে তাদের সহযোগিতা করা।

তাই এরশাদ হচ্ছে ৪

لا يتخذ المؤمنون الكافرين أولياء من دون

المؤمنين ومن يفعل ذلك فليس من الله في شي إلا أن تتقوا منهم تقاة _(أل عمران -٢٨)

' মুমিনগণ যেন কখনো ঈমানদার লোকদের পরিবর্তে কাফেরদিগকে

নিজেদের বন্ধ, পষ্ঠপোষক হিসেবে গ্রহণ না করে। যে এরূপ করবে আল্লাহর সাধে তার কোনই সম্পর্ক থাকবে না। অবশ্য তাদের যুগুম হতে বাঁচার জন্য বাহাত এরপ কর্মনীতি অবলম্বন করলে তা আল্লাহ ক্ষমা করবেন।' - (আল-

ইমরান - ২৮)

১১. সেই সমস্ত সমাজবাদী যারা আলাহর অন্তিতকে অম্বীকার করে বা ইহুদী ও নাসারা থারা শেষ নবী মহামাদ সাল্লাল্লাহু আলাইছি ওয়াসাল্লামের প্রতি

ইয়ান বাথে না ভাদেবকে কাফের না মনে করা, কারণ আল্লাহ ভাদের কাফের বলে ঘোষনা কবেছেন।' ভাই এবশাদ হ'ছে গ

إن الذين كفروا من أهل الكتباب والمشركين في نار جهنم خالدين فيها أولَّنك هم شعر البوية.

البينة ٢٠)

অর্থ ঃ ' আহলে-কিডাব ও মশরিকদের মধ্য হতে যে সব লোক কফরী করেছে ভারা নিঃসন্দেহে জাহানামের আগুনে নিক্ষিপ্ত হবে এবং চিরকাল তাতে পাকবে, এরা নিকষ্টতম সৃষ্টি।' - (আল-ইমরান)-৬)

২৩, কভিপয় সুঞ্চীদের 'অহদাতুল ওজুদের আকীদা রাখা, অর্ধাৎ তারা বলে

যে পথিবীতে এমন কোন বস্ত নেই যেখানে আল্লাহ নেই (বরং সব জিনিসে আল্লাহ বিদ্যমান রয়েছেন।)

এমনকি ভাষের এক নেভা রঙ্গে ও

অর্ধাৎ কুকুর ও শুকুর আমাদের আল্লাহ ছাড়া কেউনা এবং আল্লাহ গিৰ্জাঘ্যবের পাদবী বাজীত কেউ না।

আর তাদের অপর নেতা হেল্লাজ বলেন ঃ আমি সেই আল্লাহ আর সেই আলাহ তো আমিই।

অভঃপর সেই যুগের আলেমগণ তার হত্যার আদেশ ও ফয়সালা দেন, ফলে ভাকে হতা। করা হয়।

২৪, আর একথা বলা যে ধর্ম রাষ্ট্র থেকে আলাদা এবং ইসলামে রাজনীতি राष्ट्र (काम विक्रिप्त (मेंडे । এটা এজন্য কৃষ্ণরী ও ইসলাম বিনষ্টকারী কথা যে এতে করআন, হাদীস

এবং নবী সাল্লাল্লান্থ আলাইছি ওয়াসাল্লামের জীবনীকে মিধ্যা বলে মনে করা क्या ।

২৫. কতক সুফী একথা বলে যে, আল্লাহ তা' আলা কান্ধকর্মের চাবি-কাঠি

কতবদের মধ্যে থেকে কতিপয় অলী-আওলিয়াদের সোপর্দ করে দিয়েছেন এটা আল্লাহর কান্ধকর্মে শিরকের অন্তর্গত, যা আলাহর এরশাদের পরিপদ্ধী ও

রক্ষিত। - (যমার-৬৩) ২৬. উপরোক্ত এই সকল জিনিস যা ইসলামকে ঠিক তেমনিভাবে বিনষ্ট

করে দেয় যেমন কিছু কাজ এমন রয়েছে যা ওযুকে বাতিল বা নষ্ট করে দেয়। তাই যথন কোন মস্পিম ব্যক্তি এসবের কোন একটি কাজ করে ফেলবে তথন তার জন্য আবার নতুন করে ইসলাম গ্রহণ করা উচিত এবং সে যেন ইসলাম

বিনষ্টকারী বস্তু পরিহার করে ; আর সে যেন মৃত্যুর পূর্বে আপ্লাহর নিকট তাওবা করে। অন্যথায় তার সমস্ত নেক আমল বিনষ্ট হয়ে যাবে, আর সে চিরকাল জাহান্নামে থাকবে।

তাই এরশাদ হচ্ছে ঃ

لئن أشركت ليحبطن عملك ولتكونن من الخاسرين . (الزمر-٦٥)


অর্থ ' ভূমি যদি শিরক কর, তাহণা আমদ নাই হয়ে যাবে আর ভূমি

ফতিগ্রস্থ হয়ে যাবে। ' – (যুমার-৬৫) আর আমাদের নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এ দু'আ বলড়ে শিখিয়েছেন ঃ

" اللّهم إنا نعوذيك من أن نشرك يك شيئًا نعلمه

ونستغفرك لما لانعلم - (رواه أحمد بسند حسن)

অর্থাৎ হে আন্তাহ তোমার নিকট শরীক করা হতে আন্তম চাই এমন কিছু বজু যা আমরা জানি, আর ক্ষমা প্রার্থনা করি এমন কিছু (বজু) হতে যা আমরা জানি না। ' – (আহমাদ–হাসাদ)



দাজালদের বিশ্বাস করে৷ না

রাসুল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন ৪

من أتى عرافاً أو كاهناً فصدقه بما يقول فقد كفر بما أنزل على محمد - (رواه أحمد، صحيح)

' যে ব্যক্তি জ্যোতিষী অধবা গণকের নিকট এল এবং তার কথাকে সে সজা বলে মনে কবল সে নবী মহাখদ সালালাল আলাইহি ওয়াসালামের প্রতি অবভারিত বিধানকে অস্বীকার করল।' - (সহীহ হাদীস, মাসনাদে আহমদ) (মোনাজ্জেম) জ্যোতিষী যারা তারকা দেখে ভবিষ্যতবাণী করে। (কাছেন) গণক যা জ্বিনের কাছে কিছু জেনে বলে। (আর্রাফ) যারা (গায়েব) অদুশ্যের কথা তদায়। (সাহের) যাদুকর। (রামাণ) যারা হাত দেখে ভবিষ্যতবাণী করে। (মোনাদাল) যারা কাপড় ফেলে মানুষের আভান্তরীন অবস্থার খৌল্ল নেয়, আরো এই ধরনের লোক যারা মানুষের মনের কথা অথবা অতীত ও ভবিষ্যতের কথা জানে বলে দাবী করে থাকে তাদেরকে সত্য বলে মনে করা হারাম.। কারণ একমাত্র আল্লাহ ত' য়ালা এই সব গুণাবলীর দ্বারা বিশেষিত।

জাই এরশাদ হচ্ছে s وهو عليم بذات الصدور - (الحديد-٦)

অর্থাৎ ' তিনি আল্লাহ হলেন অন্তর্যামী।' - (হাদীদ-৬)

আহল একশাদ হয়ক ৫

قل لا يعلم من في السموات والأرض الغيب إلا

الله - (النمل-٢٥)

অর্থ ৫ ' এদের বল ৫ আসমান যমীনে আল্লাহ ছাড়া আর কেট গায়েবের জ্ঞান রাখে না। ' - (নামল-৬৫)

আর দাজ্জাল প্রকৃতির লোকেরা যা কিছ প্রদর্শন করে তার ভিত্তি হচ্ছে ধারণা ও অনুমানের উপর মাত্র। তার মধ্যে অধিকাংশেই থাকে শয়তানের তরফ থেকে মিপ্যা কথা যাতে বোকা ও মর্থ ছাড়া প্রার কেট প্রতারিত হতে

পারে না। একট চিন্তা করুল যে যদি তারা অদশ্যের কথা জানত তাহণে পৃথিবীর সমস্ত অর্থভাভার বের করে নিত, আর তাদের কেট দরিদ্র-ফকীর থাকত না এবং লোকদের সম্পদ লুটার জন্য নানা রকমভাবে তারা টালবাহানা করত না। আর যদি তারা সত্য হয় তবে ইহুদীদের আভ্যন্তরীন কথা সম্পর্কে আমাদের জাত করুক যাতে তাদের ষভয়রকে ধ্বংস করা যায়।



আল্লাহ ব্যতীত অন্যের শপথ করো ন

১. নবী করিম সাল্লাল্লাক আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন ঃ

ُ لاتحلفوا بآبائكم من حلف باللَّه فليصدق، ومن ف باللَّه فليسرض ومن لم يرض باللَّه فليس من

حلف بالله فليرض ومن لم يرض بالله فليس من الله ` (صحيح - رواه ابن ماجه)

তোমরা তোমানের শিতাদের নামে শপথ করবে না । যে ব্যক্তি আগ্লাহর নামে শপথ করে সে (মেন) সত্তা পাপথ করে। আর যার প্রদা আগ্লাহর শপথ করা হবে সে মেন সপ্তুই হয়ে যায়। আর যে ব্যক্তি আগ্লাহর গ্রহণে সপ্তুই না হয় আগ্লাহর সঙ্গে তার কোন সপ্পর্ত নেই। – (সহীত্ ইবনে–মাজা)

১. আরো এরশাদে নবী হচে ঃ

তোমাদের পিতা মাতাদের ও আল্লাহর সঙ্গে অবান্তর মনগড়া শরীকদের শপথ করো না। আর আল্লাহ বাতীত অন্যের শপথ করো না এবং তোমরা শপথ করো না যতক্ষণ সত্য না হও। – সেহীহ – আরু দাউদ)

৩. আরো ফরমায়েছেন ঃ যে ব্যক্তি আল্লাহ ব্যতীত অন্যের শপথ করল সে

শির্ক করে ফেলল। - (সহীহ মুসনাদে আহমদ)
৪. আর ফরমায়েছেন ঃ যে ব্যক্তি কোন মুসলমানের ধন-সম্পদ আহসাত
করার উদ্দেশ্যে মিধ্যা শপথ করে, সে আল্লাহর সঙ্গে এমন অবস্থায় সাঞ্চাত

করবে যে তিনি (আল্লাহ) তার উপর কুক্ত থাকবেন। - (বুখারী ও মুসলিম)

৫. আরো ফরমারেছেন ও যে বান্তি কোন কল্পর উপর শপথ কারণ,
অতঃপর ওটা বতীত অন্যাটায় কল্মাণ মনে করণ তাহলে সে যেন কলাণকে
অবগঞ্জন করে এবং তার শশবের কাফফারা দিয়ে দেয়। ' - মেসলিম)

৬. আরো ফরমায়েছেন ৪ ' যে বাক্তি শপথ করল, অতঃপর সে ইনশাআল্লাহ বলল, তবে যদি সে চায় সেই শপথের উপর টিকে থাকবে, আর যদি চায় সেটা তাগে করবে তোন রকম কাফফারা লাগবে না।

যদি চায় সেটা ত্যাগ করবে, কোন রকম কাফ্ফারা লাগবৈ ন

–(সহীহ নাসয়ী)

৭.ইবনে মাসউদ রাধীয়াল্লাহ আনহ বলেন ঃ যদি আমি আল্লাহর মিধ্যা

শপথ করি তবে তা গায়রুল্মাহর নামে সত্য শপথ থেকে উত্তম।
৮. নবী সাল্লাল্লাহু আগাইহি ওয়াসাল্লাম বলেন ৪ যে ব্যক্তি কসম করে এবং
তার কসমের মধ্যে গাত ও ওয়যার নাম উক্তারণ করে (তার উচিৎ) সে যেন

ভার কনমের মধ্যে গাত ও অধ্যার নাম উচ্চারণ করে (ভার উচিৎ) সে মেন অবশাই (সঙ্গে সঙ্গে) গা ইসাহা ইদ্যাহ বদে, আর যে বাজি ভার সঙ্গীকে আহবান করে যে এদিকে এস আমি ভোমার সাথে জুৱা খেলব ভার উচিৎ সে মেন অবশাই সাদকা করে।

১. নবী সাম্বান্তা আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন ঃ' যে ব্যক্তি ইসলাম ব্যক্তীত অন্য কোন ধর্মের নামে শণধ করল লে অনুব্রগই হল যেমন সে ব্যক্তাভ।'

অর্থাৎ যথন কোন মুসলিম এ ধরদের কথা বদরে ঃ যদি সেই কাঞ্চ করে তবে সে ইছলী, অভঃগর ভার মনে যদি ভার সম্মান থাকে তবে সে তাফোর মাবে। আর যদি সে এই দার্ভ লাগিয়ে থাকে তবে দেখতে হবে, যাল তা এই কফারীর ইঞা থাকে তবে সে তাফোর হয়ে যাবে, কারণ কুমুসীর ইঞা

করা ও কুফুরী। আর যদি সেই কুফুরী থেকে দূর হওয়ার ইচ্ছা থাকে তবে সে কাফের হবে না । – (ফাতছল বারী–১১/৫৩৯)

উপরোক্ত হাদীস সমূহ থেকে প্রমাণিত

১. নবী, তাবা, আমানত, দায়িত্ব, সংরাদ, মাতাপিতা, ব্যুক্ত্যি-সম্মাদ, আউদিয়া-দীরদের অববা থানা কোন সৃষ্টির শপথ করা হারাম। আর তা হল নিব্রক আসার হোটা শিরক) কারণ যে বার শপথ করণ তাকে আল্লাহর সাথে মর্যাদাম পরীক করে ফেলা। আর এটা হাছে কবীরা- গোনাহর (মহাপাশ সমু-ব্রর জন্মনিক)

এই ধরণের পাপ হতে বিরত থাকা, বর্জন করা এবং ভা হতে ভাওবা করা ফরয় ও যক্ষরী।

ক্ষমত ও ধন্দা। আবার কোন কোন সময় গায়বুল্থাহর শপথ করা শিরকে আকবার (বড় শির্তা পরিগত হয়, আর এটা তখনই হয় যখন অলীর শপথকারী এই আকীদা বিশ্বাস্য রাখে যে পৃথিবীর উপর ভার ক্ষমতা চলছে, যদি ভার খিধা। শপধ করে তবে তার প্রতিশোধ নিবে। আর এটা শির্কে আকবার এই জন্য যে সে ব্যক্তি আস্তাহর সাথে শক্তি—সামর্থের ক্ষেত্রে প্রতিশোধ গ্রহণে ও ক্ষতি সাধনে অলী বা শীরকে অস্তাহর সাথে শরীক (অংশীদার) বানাদ।

 আল্লাহ ছাড়া অন্যের শপথ ইসলামী বিধান অনুযায়ী শপথ নয়, অতএব যে কাজের উপর শপথ করল তা করা ও আবশ্যক নয় এবং কাফ্ফারাও ওমাজেব নয়।

৩. যে ব্যক্তি আয়ীয়ভা বিছিন্ন করার শপথ করাপ অথবা কোন পাপকর্য করায় থকা পপথ করাপ, সে যেন এই ধরণের কাঞ্চ না করে এবং তার শপপের কাফ্ষ্ণারা নিয়ে দেয়। আর কসমের কাফ্ষ্ণারা সহক্ষে মহান আল্লাহর এরশাদ হক্ষে ৪

و يحدد لا يؤاخذكم الله باللغو في أيمانكم ، ولكن يؤاخذكم بما عقدتم الأيمان فكقارته إطعامه عشرة مساكين من أوسط ماتطعمون أهليكم أن كسوتهم أو تحرير

أوسط ماتطعمون أهليكم أو كسوتهم أو تحرير رقبة فمن لم يجد فصيام ثلاثة أيام ، ذلك كفارة أيمانكم إذا حلفتم، واحفظوا أيمانكم، كذالك يبين الله

لكم أياته لعلكم تشكرون – (المائدة–٨٩)

অৰ্থ ঃ 'ভোমরা যেনৰ অৰ্থহীন শপৰ করে থাক আদ্ধাহ সে জন্ম পাকড়াও কৰা না । কিছু ভোমরা জেনে বুল্কে সেনৰ কৰাম পাও সে সপ্পৰ্ট ভিনি প্ৰবাহাই ভোমানাৰ গাকড়াও কৰালে। এই বঙ্গাহা কৰাম ছল কৰাম জন্ম কাকড়াই কোনাৰ হছত নগৰ জন্ম ভাইন কাকড়াকা হছত নগৰ জন্ম ভাইন কাকড়াকা হছত নগৰ জন্ম ভাইন কাকড়াকা হছত নগৰ নিৰ্দিশ্বনত হুখাম মানের খানা থাকা আন্ধান্ত হাতে নিৰ্দিশ্বনত কৰাম কাকড়াকা সামৰ্থ যাব নেই গে ভিন নিৰ্দাশ কৰাম কাকড়াকা কাকড়াকা কাকড়াকা বাছকা বাছকা কাকড়াকা বাছকা কাকড়াকা বাছকা কাকড়াকা বাছকা বাছকা বাছকা বাছকা বাছকা কাকড়াকা বাছকা কাকড়াকা বাছকা কাকড়াকা বাছকা কাকড়াকা বাছকা কাকড়াকা বাছকা বাছকা

৪. আর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ফরমায়েছেন ঃ

' যে বাজি ইসামা বাজীত জনা মিপ্লাচের মিধা। কসম খাবে, সে মেদনী বলবে অনুবদাই হয়ে যাবে। ইমাম নকনী রহমানুপ্রাই বল তাতে বলল ও এই হাদীদের আহকাম ও জর্ম এই যে, এখানে মিখা দশ্য হামাম হওয়ার কঠাগো বর্ণনা করা হয়েছে। ভার, ইসামা ছাড়া জনা হর্মের কসম যেমন বলে ও লা ইকাদী না দাসামী যাবি এককম বা একম হা

া ঃ সে ইহুদী বা নাসরানী যদি এরকম বা রকম হয় – (শারহে মুসলিম, নবন্তী)



ভাগ্যকে নিয়ে হুজ্জত করবেন না

তাই এরশাদ হতে ৪

' আমরা তাদের পথ দেখিয়েছি ইচ্ছা হলে শোকরকারী হবে, কিংবা হবে কুফুরকারী।' – দোহর–৩)

কুফুরকারী।' – (দাহর–৩) অতএব,যখন কোন ব্যক্তি নামায় ছেড়ে দেবে বা মদ্যপান করবে সে

আন্নাহর আলেশ ও নিষেধের বিরোধিতার কারণে শান্তির যোগ্য হয়ে যাব। তথ্য তাতে তারবা করা এবং সেই অন্যায়ের ক্রমা সন্ধিত হংগ্রা আবশ্যত। আর সে দেন তথাবিতকে নিয়ো নারীগা হক্কত না করে। তবং, হাঁ, আপন বিপদের সময় ভাগাকে দলীল বানানো, আর, মনে করবে যে এই মদীবত আন্তারে তরুফ হুতেই এগেছে। অভ্যগর তার উপর সভুষ্ট থাকবে। তাই এবদান হক্ষে

बत्रमान राष्ट्र । ما أصاب من مصيبة في الأرض ولا في أنفسكم

